



কামরুল হাসানের চিত্রকর্ম

বাংলার রঙে রূপে 'সহজিয়া' কামরুল হাসান শতবর্ষের চিত্রমালা

সঞ্জয় ঘোষ



'আত্মপ্রতিকৃতি'



দেশে দেশে চিত্রকর্মে শিল্পীর ব্যক্তিস্বাক্ষর নির্মাণ অতিপ্রচলিত একটি প্রবণতা। কিংবা সচেতন স্বাতন্ত্র্য-প্রতিষ্ঠার বাইরেও শিল্পীর চারিত্র্যবৈশিষ্ট্য ও হাতের ছাপ রয়েছে তার কাজে। আর এই সব মিলিয়েই ছবি দেখে বোঝা যায় এটা কার ছবি। কিন্তু কেবল চিত্রকর্মের এই ব্যক্তিস্বাতন্ত্র্যই নয়, সঙ্গে সঙ্গে যাদের ছবি দেখলে নিশ্চিতভাবে বলে দেওয়া যায়, এটা বাংলাদেশের ছবি— আমাদের সেই দুর্গভ শিল্পীদের অন্যতম কামরুল হাসান। তিনি কেবল তার চিত্রতলে, রঙে, রেখাতেই নয়— জীবনাচরণ ও সমাজ-রাজনৈতিকতাও তীব্রভাবে ছিলেন বাংলাদেশের। তাই তার নামের প্রারম্ভ থেকে শুরু করে সকল কর্মে সর্বদাই সেই চিহ্ন স্পষ্ট হয়েছে। কী শিল্পে, কী চেতনায়।

২ ডিসেম্বর ২০২১ বাংলাদেশের শিল্পচর্চার এই প্রাণপুরুষের জন্মশতবার্ষিকী। কামরুল হাসানের জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে তার শতচিত্রকর্ম নিয়ে কলাকেন্দ্র আয়োজন করেছে প্রদর্শনীর। মোহাম্মদপুরের ১/১১ ইকবাল রোডের কলাকেন্দ্র চিত্রশালায় চলমান 'সহজিয়া' নামের এই প্রদর্শনীতে স্থান পেয়েছে কামরুল হাসানের ১১০টি চিত্রকর্ম। উল্লেখ্য, যার অধিকাংশ কাজই সাধারণ দর্শকদের জন্য নতুন। দেশের দু'জন বিশিষ্ট শিল্প সংগ্রাহকের ব্যক্তিগত সংগ্রহশালা থেকে আসা এই কাজগুলোর মধ্যেও বরাবরের মতোই ধরা পড়েছে শিল্পী কামরুল হাসানের শিল্পদক্ষতা ও